দৈনিক ইত্তেফাক

তারিখ
পৃষ্ঠা কলাম

# রাজশাহীতে কলেজে ছাত্রদলের হামলা ।। শিক্ষক লাঞ্ছিত

রাজশাহী অফিস ।। ছাত্র ভর্তির কোটা দাবী করে সেই দাবী পূরণ না হওয়ায় ছাত্রদলের একদল কর্মী বৃহস্পতিবার নিউ ডিগ্রী গভঃ কলেজে ত্রাস সৃষ্টি করে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, ছাত্রদলের নেতারা কলেজে ছাত্র ভর্তির জন্য ৫০ জনের একটি তালিকা অধ্যক্ষকে দিয়ে তাদেরকে ভর্তি করার জন্য দাবী জানায়। কিন্তু অধ্যক্ষ অস্বীকৃতি জানালে ছাত্রদলের কর্মীরা ক্ষিপ্ত হয়ে ওঠে এবং কলেজের শিক্ষক মিলনায়তনে হামলা চালায়। এ-সময় তারা সেখানে ভাংচুর করে। তারা দুজন কর্মচারীকে মারধর করে। তাদের হাতে কয়েকজন শিক্ষকও লাঞ্ছিত হন। পরে পুলিশ এসে ঘটনা নিয়ন্ত্রণে আনে।

এর পরপরই কলেজের শিক্ষকরা মৌন মিছিল বের করেন। মিছিল নিয়ে তারা পুলিশ কমিশনারের কার্যালয়ে যান। সেখানে শিক্ষকেরা পুলিশ কমিশনারের

(১০ম পৃঃ দ্রঃ)

## রাজশাহীতে কলেজে

(৭মপৃঃপর)

কাছে তাদের নিরাপত্তা, সন্ত্রাসীদের গ্রেফতার এবং রাজপাড়া থানা ওসির অপসারণ দাবী করেন। এ ঘটনার ব্যাপারে কলেজের অধ্যক্ষ বাদী হয়ে রাজপাড়া থানায় একটি মামলা দায়ের করেছেন।

এই ঘটনার সময় কলেজের সাধারণ ছাত্র-ছাত্রীদের মধ্যে ভীতি ছড়িয়ে পড়ে। ঘটনার পর কলেজে ভর্তি প্রক্রিয়া কিছুক্ষণের জন্য বন্ধ হয়ে যায়।

এদিকে ইসলামী ছাত্র শিবির নেতৃবৃন্দ এক বিবৃতিতে ঘটনার নিন্দা ও প্রতিবাদ জানিয়ে অবিলম্বে সন্ত্রাসীদের গ্রেফতার ও ভর্তি কোটার চাঁদাবাজি বন্ধ করে মেধার ভিত্তিতে ভর্তি কার্যক্রম চালু করার দাবী জানিয়েছেন।